

সি,এসও-এনজিও সমন্বয় সভার প্রতিবেদন

স্থানঃ কোস্ট ট্রাস্ট কল্লবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র, তারিখঃ ১৮.১০.২০১৭ইং বিকাল : ৩.০০টা

গত ১৮ অক্টোবর ২০১৭ খ্রি: বিকাল ০৩টায় কোস্ট ট্রাস্ট কল্লবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্রে সিএসও-এনজিও এর সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সমন্বয় সভায় উপস্থিত ছিলেন, পালস কল্লবাজারের প্রধান নির্বাহী এবং সিভিল সোসাইটি কল্লবাজারের সভাপতি আবু মোর্শেদ চৌধুরী খোকা, ইপসার প্রধান নির্বাহী আরিফুর রহমান, হেলপ কল্লবাজারের নির্বাহী পরিচালক, আবুল কাশেম, অগ্রযাত্রা সভাপতি নীলিমা আক্তার চৌধুরী, কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক রেজাউল করিম চৌধুরী সহ কল্লবাজারের বিভিন্ন লোকাল এনজিও প্রতিনিধিরা উক্ত সভায় উপস্থিত ছিলেন। উক্ত সভাটি পরিচালনা করেন কোস্ট ট্রাস্টের নির্বাহী পরিচালক রেজাউল করিম চৌধুরী।

সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তগুলো নিম্নে উপস্থাপন করা হলো:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | সময়সীমা | দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি |
|--------|--|--|--------------------------|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী | গত কয়েক মিটিং এর কার্যবিবরণী পর্যালোচনা করা হয়। সিএসও-এনজিও ফোরামের লক্ষ্য এবং উদ্দেশ্য নিয়ে আলোচনা করা হয়। এইটি হবে সকল লোকাল এনজিওদের ফ্লাট ফরম। যেখানে সবাই নিজেদের লার্নিং শেয়ার করবে, তথ্য আদান প্রদান করবে, নিজেদের কর্মকান্ড গুলো এই ফোরামের ওয়েবসাইটের মাধ্যমে প্রকাশ করা হবে। | | |
| ০২ | ওয়েবসাইট চালু করা | সিএসও-এনজিও ফোরামের একটি নিজস্ব ওয়েবসাইট তৈরী করা হবে। আগামী ২২ অক্টোবরের মধ্যে এই ওয়েবসাইট চালু করা হবে। ওয়েবসাইটে যে সকল বিষয় গুলো থাকবে তা নিম্নরূপ: - নিজেদের সম্পর্কে বলা থাকবে। - কোন উপজেলায় কোন এনজিও কোন কোন বিষয়ের উপরে কাজ করছে তার বিস্তারিত থাকবে। - একটি নোটিশ বোর্ড থাকবে। যেখানে সকল গুরুত্বপূর্ণ স্টেক হোল্ডারদের নামের দেওয়া থাকবে। - প্রতিমাসে প্রকাশিত বুলেটিন থাকবে বাংলা এবং ইংরেজীতে। | ২২/১০/২০১৭ | এস,এম তৌহিদুল আলম, উর্ধ্বতন সমন্বয়কারী- আইসিটি। |
| ০৩ | গ্রুফ ইমেইল চালু করা | সিএসও-এনজিও ফোরামের সকল সদস্যদের একটি গ্রুফ ইমেইল থাকবে। আগামী ২২ অক্টোবরের মধ্যে গ্রুফ ইমেইল চালু করা হবে। সকল সদস্যদেরকে ইমেইলে যুক্ত হওয়ার জন্য আমন্ত্রণ জানানো হবে। | ২২/১০/২০১৭ | এস,এম তৌহিদুল আলম, উর্ধ্বতন সমন্বয়কারী আইসিটি, কল্ল বাজার। |
| ০৪ | আনুষ্ঠানিক ভাবে ওয়েবসাইট উদ্বোধন | সিএসও-এনজিও ফোরামের ওয়েবসাইট ঘটা করে উদ্বোধন করা হবে আগামী নভেম্বর মাসের প্রথম সপ্তাহে। | নভেম্বর প্রথম সপ্তাহ | কোস্ট ট্রাস্ট |
| ০৫ | রিপোর্টিং ফরমেট রিভাইজ করা | নতুন করে রিপোর্টিং ফরমেট রিভাইজ করা হবে। ফরমেট হবে একদম সিম্পল। সংস্থার নাম, কাজের ক্ষেত্র, ওয়েবসাইট এবং ইমেইল থাকবে। | ৩০ অক্টোবর ২০১৭ | মকবুল আহামদ, কোস্ট ট্রাস্ট |
| ০৬ | এই ফোরাম ফেব্রুয়ারী পর্যন্ত পর্যবেক্ষণে থাকবে | এই ফোরাম ফেব্রুয়ারী ২০১৮ পর্যন্ত পর্যবেক্ষণে থাকবে। প্রয়োজন সাপেক্ষে এই ফোরামের মেয়াদ বাড়ানো হতে পারে। | | |
| ০৭ | কো-চেয়ার ঘোষণা | সভায় সবার সম্মতিক্রমে তিন জনকে কো-চেয়ার ঘোষণা করা হয়। তিন জন কো-চেয়ার হলেন: ১) আরিফুর রহমান-প্রধান নির্বাহী ইপসা ২) আবু মোর্শেদ চৌধুরী খোকা-প্রধান নির্বাহী-পালস ৩) রেজাউল করিম চৌধুরী-নির্বাহী পরিচালক, কোস্ট ট্রাস্ট। | | |
| ০৮ | লোকাল এনজিও এবং আই,এন,জিও দের একটি সমন্বয় মিটিং হবে। | আগামী নভেম্বরের ০৫তারিখ লোকাল এনজিও এবং আইএনজিওদের সমন্বয়ে একটি সমন্বয় মিটিং হবে। মিটিং হবে কল্লবাজারের ভাল মানের কোন একটি হোটেলে। সদস্য এনজিওরা প্রত্যেকে ৫মিনিটের একটি প্রেজেন্টেশন দিবে। প্রেজেন্টেশনে নিজেদের সংস্থা এবং নিজেদের কাজ সম্পর্কে ব্যাখ্যা থাকবে। প্রেজেন্টেশন কোনভাবে ০৫মিনিটের বেশী হবেনা। এই মিটিং এর মাধ্যমে নিজেদের মধ্যে একটি সম্পর্ক তৈরী হবে। | ০৫ নভেম্বর ২০১৭ | |
| ০৯ | কো-চেয়ার হিসেবে আবু মোর্শেদ চৌধুরী | কো-চেয়ার হিসেবে আবু মোর্শেদ চৌধুরী খোকা ভাই আগামী এক মাস আইওএম এর সাপ্তাহিক সভায় অংশগ্রহণ করবেন সিএসও-এনজিও ফোরামের | নভেম্বর ২০১৭ পর্যন্ত। | আবু মোর্শেদ চৌধুরী খোকা |

| | | | | |
|----|--|--|--|-------------|
| | থোকা ভাই আগামী এক মাস আইওএম এর মিটিং এ অংশগ্রহন করবেন। | পক্ষে। | | |
| ১০ | সভায় অবস্থান পত্র উপস্থাপন এবং প্রেস কনফারেন্সের আয়োজন | কক্সবাজারে রোহিঙ্গা আগমন এবং তার পরিপ্রেক্ষিতে উদ্ভূত পরিবেশগত ও সামাজিক-অর্থনৈতিক পরিস্থিতির আলোকে সভায় রেজাউল করিম চৌধুরী ফোরামের পক্ষ থেকে একটি অবস্থান পত্র উপস্থাপন করেন এবং তা বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রচারের জন্য ১৯ শে অক্টোবর একটি সংবাদ সম্মেলন করার প্রস্তাব করেন। সভায় ১৯ শে অক্টোবর কক্সবাজার প্রেস ক্লাবে একটি সংবাদ সম্মেলন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৯/১০/২০১৭ তারিখ সংবাদ সম্মেলনের আয়োজন | তৌহিদুল আলম |
| ১১ | বিবিধ: | <ul style="list-style-type: none"> - এনজিও লিডার হতে গেলে গভেনন্স এবং ফিনেন্স সম্পর্কে স্বচ্ছ ধারণা রাখতে হবে। - সিএসও-এনজিও এর মূল স্টেক হোল্ডার হবে ইউএন, আইএনজিও এবং ডিসি অফিস। - সার্চিবক দায়িত্ব গুলো প্রথম দিকে কোস্ট ট্রাস্ট পালন করবে। - এই ফোরামে কেউ কাউকে আদেশ কিংবা নির্দেশনা দিতে পারবেননা। - এই ফোরামের সমস্ত ব্যবস্থাপনা হবে শেয়ারিং এর ভিত্তিতে। - এই ফোরামের ওয়েবসাইট সবাই ব্যবহার করতে পারবে। | | |

আর কোন আলোচনা না থাকায় সঞ্চালক সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রতিবেদন প্রস্তুতকারী

জাহাঙ্গীর আলম

টিম লিডার (ভারপ্রাপ্ত)

কোস্ট ট্রাস্ট, কক্সবাজার অঞ্চল।